গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
কিশোরগঞ্জ
www.kishoreganj.gov.bd



স্মারক নং: ০৫.১২.৪৮০০.০১১.০৯.০৮.২৬-৪১৪

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩ / ৩১ আগস্ট ২০২৬

## রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এবং কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগের ২৭ আগস্ট ২০২৬ তারিখের ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১ নম্বর পরিপত্রের আলোকে কিশোরগঞ্জ জেলার ১৩টি উপজেলায় নিয়োক্ত প্রতিটি ইউনিয়ন/পৌরসভায় বিদ্যমান ডিলারের পাশাপাশি ০১ জন করে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | উপজেলার নাম | ইউনিয়ন/পৌরসভার সংখ্যা | ইউনিয়ন/পৌরসভার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | হোসেনপুর | ৭ | জিনারী, সিদলা, গোবিন্দপুর, আড়াইবাড়িয়া, শাহেদল, পুমদী, পৌরসভা | |
| ২ | কিশোরগঞ্জ সদর | ১২ | লতিবাবাদ, রশিদাবাদ, মাইজখাপন, মহিনন্দ, বৌলাই, যশোদল, কর্শাকড়িয়াইল, দানাপাটুলী, চৌদ্দশত, বিন্নাটি, মারিয়া, পৌরসভা | |
| ৩ | পাকুন্দিয়া | ১০ | জাংগালিয়া, চরফরাদী, এগারসিন্দুর, বুরুদিয়া, পাটুয়াভাঙ্গা, নারান্দী, হোসেন্দী, চন্ডিপাশা, সুখিয়া, পৌরসভা | |
| ৪ | কটিয়াদী | ১০ | বনগ্রাম, সহশ্রাম ধুলদিয়া, করগাঁও, চান্দপুর, মুমুরদিয়া, আচমিতা, মসূয়া, জালালপুর, লোহাজুরী, পৌরসভা | |
| ৫ | করিমগঞ্জ | ১২ | কাদিরজঙ্গল, গুজাদিয়া, কিরাটন, বারঘড়িয়া, নিয়ামতপুর, দেহুন্দা, সুতারপাড়া, গুণধর, জয়কা, জাফরাবাদ, নোয়াবাদ, পৌরসভা | |
| ৬ | তাড়াইল | ৭ | তালজাঙ্গা, রাউতি, ধলা, জাওয়ার, দামিহা, দিগদাইড়, তাড়াইল সাচাইল | |
| ৭ | ইটনা | ৯ | রায়টুটী, বাদলা, চৌগাংগা, বড়িবাড়ি, এলংজুরী, মৃগা, জয়সিদ্ধী, ধনপুর, ইটনা সদর | |
| ৮ | মিঠামইন | ৭ | গোপদিঘী, মিঠামইন সদর, ঢাকী, ঘাগড়া, কেওয়ারজোর, কাটখাল, বৈরাটি | |
| ৯ | নিকলী | ৭ | সিংপুর, দামপাড়া, কারপাশা, নিকলী সদর, জারইতলা, গুরই, ছাতিরচর | |
| ১০ | অষ্টগ্রাম | ৮ | অষ্টগ্রাম সদর, পূর্ব অষ্টগ্রাম, কাস্তল, দেওঘর, বাঙ্গালপাড়া, আব্দুল্লাহপুর, আদমপুর, কলমা | |
| ১১ | বাজিতপুর | ১২ | পিরিজপুর, সরারচর, হালিমপুর, হিলচিয়া, গাজীরচর, দিলালপুর, বলিয়াদী, দিঘীরপাড়, কৈলাগ, মাইজচর, হুমাইপুর, পৌরসভা | |
| ১২ | কুলিয়ারচর | ৭ | গোবরিয়া আব্দুল্লাহপুর, রামদী, উছমানপুর, ছয়সূতী, সালুয়া, ফরিদপুর, পৌরসভা | |
| ১৩ | ভৈরব | ৮ | সাদেকপুর, আগানগর, শিমুলকান্দি, গজারিয়া, কালিকাপ্রসাদ, শিবপুর, শ্রীনগর, পৌরসভা | |
| জেলার মোট = | | ১১৬ | | |

**শর্তাবলী :**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এর 'পরিশিষ্ট-১' মোতাবেক আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ জেলা প্রশাসক, কিশোরগঞ্জ ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আবেদন দাখিল করতে হবে।

**(খ) যে সকল আবেদনকারী সার ডিলার নিয়োগের জন্য ইতোপূর্বে ১০ ফেব্রুয়ারি ২০২৬ এবং ১৭ আগস্ট ২০২৬ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

(গ) আবেদনকারীদের 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজ-পত্র জমা দিতে হবে:

১. জাতীয় পরিচয়পত্র এবং স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
২. সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে দাখিল করতে হবে;
৩. হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৪. দোকান ও গুদামের (২৫মে. টন ধারণক্ষমতা) পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি দাখিল করতে হবে;
৫. ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ দাখিল করতে হবে;

CamScanner

৬. হালনাগাদ আয়কর রিটার্ন সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৭. আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা প্রদান করতে হবে;
৮. আবেদনকারীকে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, কিশোরগঞ্জ বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে;
৯. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, কিশোরগঞ্জ বরাবর জমা দিতে হবে;

**(ঘ) যোগ্যতা :**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলা/পৌরসভার বাসিন্দা হতে হবে;
২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ২৫ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;
৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
৫. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৬. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে।

**(ঙ) অযোগ্যতা :**

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোন বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি সার ডিলার হতে/থাকতে পারবেন না;
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচর বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্যে আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

**(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান :**

১. **বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১০.০৯.২০২৬ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত;**
২. আবেদনপত্র উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কিশোরগঞ্জ এর দপ্তরে সরাসরি জমা করতে হবে। অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না;
৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ছ) ডিলার নির্বাচিত হওয়ার পূর্বে অথবা পরে কোনো ডিলার কর্তৃক দাখিলকৃত তথ্য অসত্য/ভুল/জাল প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ডিলারের ডিলারশিপ বাতিল করতে পারবে।

(জ) ডিলার নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩১।৮।২৬
(সোহানা নাসরিন)
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ
ফোন: ০২৯৯৭৭৬১৪৯৩
e-mail: dckishoreganj@mopa.gov.bd

CamScanner